

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৫৭

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ ৫৪. পায়ে হেঁটে মসজিদে যাওয়ার ফযিলত।

باب مَا جَاءَ فِي فَضْلِ الْمَشْي إِلَى الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ النُّفَيْلِيُّ، حَدَّثَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا سُلَيْمَانُ التَّيْمِيُّ، أَنَّ أَبَا عُثْمَانَ، حَدَّثَهُ عَنْ أَبِي بْنِ كَعْبٍ، قَالَ كَانَ رَجُلُّ لاَ أَعْلَمُ أَحَدًا مِنَ النَّاسِ مِمَّنْ يُصِلِّي الْقِبْلَةَ مِنْ أَهْلِ الْمَدينَةِ أَبْعَدَ مَنْزِلاً مِنَ الْمَسْجِدِ مِنْ ذَلِكَ الرَّجُلِ وَكَانَ لاَ تُخْطِئُهُ صَلَاةٌ فِي الْمَسْجِدِ فَقُلْتُ لَو الشَّتَرَيْتَ حِمَارًا تَرْكَبُهُ فِي الرَّمْضَاءِ وَالظُّلْمَةِ . فَقَالَ مَا أُحِبُّ أَنَّ مَنْزِلِي إِلَى جَنْبِ الْمَسْجِدِ فَنُمِيَ الْحَدِيثُ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَسَأَلَهُ عَنْ قَوْلِهِ ذَلِكَ جَنْبِ الْمَسْجِدِ فَنُمِيَ الْحَدِيثُ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَسَأَلَهُ عَنْ قَوْلِهِ ذَلِكَ فَقَالَ أَرَدْتُ يَا رَسُولَ اللَّهِ أَنْ يُكْتَبَ لِي إِقْبَالِي إِلَى الْمَسْجِدِ وَرُجُوعِي إِلَى أَهْلِي إِذَا وَجَعْتُ . فَقَالَ " أَعْطَاكَ اللَّهُ ذَلِكَ كُلَّهُ أَنْطَاكَ اللَّهُ جَلَّ وَعَنَّ مَا احْتَسَبْتَ كُلَّهُ أَجْمَعَ " .

বাংলা

৫৫৭. আবদুল্লাহ্ ইবনু মুহাম্মাদ আন নুফায়লী উবাই ইবনু কাব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মদ্বীনার জনৈক মুসলিম ব্যক্তি, যার বাসস্থান ছিল মসজিদে নববী হতে সবচাইতে দূরে এবং সব সময়ই পদব্রজে মসজিদে নববীতে এসে নামায পড়তেন। একদা আমি তাকে অনুরোধ করি যে, যদি আপনি একটি গাধা খরিদ করতেন তবে তার পিঠে আরোহণ করে প্রচন্ড গরম ও অন্ধকার রাতে সহজে যাতায়াত করতে পারতেন। জবাবে ঐ ব্যক্তি বলেন, আমার নিকট আদৌ পছন্দনীয় নয় যে, আমার বাসস্থান মসজিদের নিকটবর্তী হোক। অতঃপর এই সম্পর্কে রাস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামকে অবহিত করা হলে তিনি তাকে এ সম্পর্কে জিজ্ঞেস করেন। তিনি বলেন, ইয়া রাস্লাল্লাহ্! আমার কামনা এই যে, (আমার বাড়ী যেহেতু মসজিদ হতে দূরে সেহেতু) যাতায়াতের জনা অদিক পদক্ষেপের বিনিময়ে আমি অধিক ছওয়াব প্রাপ্ত হব। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তুমি যে ছওয়াবের কামনা করছ মহান আল্লাহ্ তা তোমাকে দান করেছেন। (মুসলিম, ইবনু মাজা)।

English

Ubayy b. Ka'b said:



There was a certain person, out of all people of Medina, who used to pray in the mosque. I do not know that any one of them lived at a farther distance than that man. Still he never missed the prayer in congregation in the mosque. I said: it would be better if you buy a donkey and ride it in heat and darkness. He said: I do not like that my house be by the side of the mosque. The discourse reached the Messenger of Allah (**). He said him about it. He said: I did it so that my walking to the mosque and return to my home when I return be recorded. He said: Allah has granted all this to you; Allah has granted all that you reckoned.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন